



প্রতীতি

বর্ষবরণ ১৪২০

জীর্ণ পুরোনো পেছনে ফেলে চির নূতনের আহ্বানে আবার আসছে বৈশাখ। বর্ণময় আয়োজনে বাংলা নতুন বছরকে বরণ করবে বাঙালি। নববর্ষ উদযাপন আমাদের সংস্কৃতির শেকড়, বাঙালির জাতির সত্তা। প্রতিটি বাঙালির প্রত্যাশা নতুন বছর যেন বয়ে আনে শুভতা, মঙ্গলবারতা।

তবে এবারের নববর্ষের প্রেক্ষাপট ভিন্ন। ‘ভেঙেছ দুয়ার এসেছ জ্যোতির্ময়’। গত ৪২ বছরের বাঙালি জাতির যুদ্ধাপরাধীদের বিচারের আপেক্ষার দিন প্রায় শেষ। বাংলার যুব সমাজ, যারা আমাদের চোখের আড়ালে ছিল এতকাল, যাদের আমরা অবজ্ঞা করে এসেছি - তাঁরা এক অভূতপূর্ব কাব্য রচনা করে ফেললো। ৭১ এ স্বাধীনতা সংগ্রামের সময় জামাত-শিবিরের সৃষ্ট রাজাকার-আলশামশ আর আলবদরদের হত্যা, লুণ্ঠন আর ধর্ষনের হোতাদের বিচারের দাবীতে বাংলাদেশের তরুণ সমাজের ডাকে একাত্ম হয়েছে সারা দেশের মানুষ। তেমনিভাবে এই গনজাগরণ ছড়িয়ে পড়েছে বিদেশেও। এরই মাঝে জাতির পতাকা খামচে ধরেছে পুরোনো সব শকুন; ৭১ এ পাকিস্তানী বাহিনীর সহযোগী কুখ্যাত জামাত-শিবির তাদের সহযোগী দলকে নিয়ে আবার মেতে উঠেছে ধুংস ও হত্যালীলায় - ঠিক একাত্তরের মত। তবে বাঙালি এখন অনেক সচেতন আর ঐক্যবদ্ধ। পৃথিবীর যেখানেই বাঙালি - সেখানেই আমরা ঐক্যবদ্ধ হয়েছি প্রত্যয়ে, একাত্মতা ঘোষণা করেছি এই গনজাগরণের সাথে। ওরা আর পার পাবে না - ওদের দিন শেষ হয়ে আসছে। ওদের আর ওদের সহযোগীদের চিরতরে নির্মূল করবে বাঙালি।

এমনি এক যুগসন্ধিক্ষনে আসছে নতুন বছর - প্রতীতি নতুন বছরকে বরণ করবে বাংলাদেশের বর্তমান সময়কে বিবেচনায় রেখেই। আপনাদের আমন্ত্রণ রইলো ‘আনন্দধ্বনি জাগাও গগনে’ শীর্ষক বর্ষবরণ উৎসবে। পঞ্চকবির গান আর নাচের সাথে থাকছে আগুনঝরা সব প্রতিবাদী গান আর কবিতা। গানে গানে দেশবন্দনা আপনাকে উজ্জীবিত করবে, আরো বেশী করে দেশপ্রেমে আবদ্ধ করবে।

আনন্দধ্বনি জাগাও গগনে

৬ই এপ্রিল, শনিবার ২০১৩ সকাল ৯:৩০ মিনিট

Shelley Public School
Hadrian Avenue, Blacktown 2148

প্রতিবারের মত এবারো প্রতীতি ঠিক ৯:৩০ মিনিটে অনুষ্ঠান শুরু করবে - এর আগে আসন গ্রহন করার জন্য অনুরোধ জানাচ্ছি।
প্রতিবারের মত এবারও শিশুদের, যুবক-যুবতী আর বড়দের সেরা বাঙালি সাজের জন্য পুরস্কারের ব্যাবস্থা থাকছে। আরো থাকছে পিঠা-পুলি ও মজাদার সব খাবারের সমাহার।